# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির আগস্ট,২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : বুলবুল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণো।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মদন, নেত্রকোণা।
তারিখ ও সময় : ২০২১ খ্রি. সকাল ১১.০০ টা।
উপস্থিত সদস্যবৃন্দ : ২৬ আগস্ট হাজিরা খাতায় সংরক্ষিত।

সভায় শুরুতেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম করা হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর বিভিন্ন বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>উপজেলার অপরাধ চিত্র ও সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি</td><td>সভাপতি শুরুতেই অফিসার ইনচার্জ, মদন থানা'র প্রতিনিধিকে উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক অবস্থা সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভিক রয়েছে। মাদক ও জুয়ার বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। তিনি মদন উপজেলার সার্বিক আইন শৃংখলা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করেন এবং জুলাই ২০২১ মাসের নিম্নলিখিত মামলার তথ্যাদি উপস্থান করেন।
<table>
<tr><th>নারী ও শিশু নির্যাতন</th><th>মাদক</th><th>চুরি</th><th>দ্রুত বিচার</th><th>ধর্ষণ</th><th>খুন</th><th>অন্যান্য</th></tr>
<tr><td>০৫</td><td>০৪</td><td>০১</td><td>০২</td><td>০১</td><td>০১</td><td>০৮</td></tr>
</table>
তাছাড়া তিনি ছোট ছোট বিরোধ নিষ্পত্তিকল্পে জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>আইন শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক অবস্থা সমুন্নত রাখতে হবে। উপজেলার মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও চিহ্নিত স্পটে পুলিশী নজরদারী বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>অফিসার ইনচার্জ<br>মদন থানা<br>মদন, নেত্রকোণা।</td></tr>
<tr><td>২</td><td>বাল্য বিবাহ, যৌতুক ও যৌন হয়রানি</td><td>বাল্য বিবাহমুক্ত ঘোষিত মদন উপজেলাকে বাল্যবিবাহমুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করা এবং যৌতুক ও যৌন হয়রানিমূলক কোন কাজ যেন না হয় সে জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে যে যার অবস্থান থেকে কাজ করার বিষয়ে আলোচনা হয়। বাল্যবিবাহ, যৌতুক, যৌন হয়রানি এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে বিভিন্ন ইউনিয়নে উঠান বৈঠক আয়োজন এবং ব্যাপক প্রচারনা করার জন্য আলোচনা হয়।</td><td>বাল্যবিবাহ, যৌতুক ও যৌন হয়রানি বন্ধে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাসের আলোচনার পাশাপাশি সচেতনতা মূলক বক্তব্য প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>অফিসার ইনচার্জ,<br>মদন থানা<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার, মদন।<br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)<br>এবং ইমাম ও কাজীগণ</td></tr>
<tr><td>৩</td><td>জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক ও জুয়া</td><td>ইউনিয়ন পর্যায়ে সভা/সমাবেশ অনুষ্ঠান ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক নির্মূলে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।</td><td>ইউনিয়ন পর্যায়ে সভা/সমাবেশ অনুষ্ঠান ও মাধ্যমিক স্কুল, মাদ্রাসা ও কলেজে মাদক, জঙ্গিবাদ এর কুফল সম্পর্কে বিশেষ ক্লাস আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>অফিসার ইন-চার্জ<br>মদন, নেত্রকোণা<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মদন, নেত্রকোণা।<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)<br>মদন।</td></tr>
<tr><td>৪</td><td>যানজট ও পরিবহন সংক্রান্ত</td><td>পৌর এলাকায় ভিতরে পরিবেশ সুন্দর রাখার জন্য যানজট নিরসনে চৌরাস্তা মোড় হতে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পর্যন্ত সকাল ৮.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত মালবাহী ট্রাক লোড/আনলোড না করা। শিশু শ্রম ও দুর্ঘটনা বিবেচনা পূর্বক ১৮ বছরের কম বয়সী কেউ রিক্সা, অটোরিক্সা, হ্যান্ডট্রলি ও লরী গাড়ী না চলানো। লাইসেন্সবিহীন অটোরিক্সার বিরুদ্ধে অভিযান পরিচালনার জন্য সভায় আলোচনা হয়।</td><td>১। মালবাহী ট্রাক সকাল ৮.০০ টা হতে বিকাল ৩.০০ পর্যন্ত লোড/আনলোড না করা।<br>২। ১৮ বছরের কম বয়সী কেউ রিক্সা, অটোরিক্সা, হ্যান্ডট্রলি ও লরী গাড়ী না চলানো।<br>৩। লাইসেন্সবিহীন অটোরিক্সা না চালানো।</td><td>মেয়র, মদন পৌরসভা।<br>অফিসার ইনচার্জ, মদন থানা।<br>সভাপতি, বনিক সমিতি, মদন।<br>সভাপতি, অটোরিক্সা শ্রমিক সমিতি, মদন।</td></tr>
<tr><td>৫</td><td>ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির নিয়মিত সভা আহব্বান</td><td>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রতি মাসে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা আয়োজনপূর্বক কার্যবিবরণী প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br><br>সভাপতি জানান সম্প্রতি দেখা যাচ্ছে যে, বিভিন্ন ইউনিয়নে</td><td>১। প্রতি মাসে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা আয়োজনপূর্বক কার্যবিবরণী প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। গ্রামে মারামারি বন্ধে</td><td>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, মদন।</td></tr>
</table>

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এক গ্রামের বিরুদ্ধে অন্য গ্রামের লোকজন একজোট হয়ে সামান্য তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মারামারির সৃষ্টি করে রক্তারক্তির মত ঘটনা ঘটে। এরুপ ঘটনায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। এরুপ ঘটনা ঘটনার পূর্বেই মীমাংসা করা বা আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬ | গ্রাম আদালত কার্যক্রম জোরদারকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গ্রামে ছোট ছোট বিরোধ দ্রুত সময়ে নিষ্পত্তিকল্পে গ্রাম আদালত কার্যক্রম আরো জোরদার করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুরোধ জানান। | গ্রাম আদালত কার্যক্রম জোরদারপূর্বক প্রতি মাসে প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, মদন। |
| ৭ | লাইকি, টিকটক এবং কিশোর-গ্যাং নামে বিভিন্ন অপরাধ চক্র কর্তৃক নারী পাচার, চাঁদা আদায় এবং মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লাইকি, টিকটক এবং কিশোর-গ্যাং নামে বিভিন্ন অপরাধ চক্র কর্তৃক নারী পাচার, চাঁদা আদায় এবং মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড বন্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ মদন থানাকে অবহিত করা হয়েছে এবং বিষয়টি ইউপি চেয়ারম্যানগণকে খোজ রাখার জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে বস্তুনিষ্ঠ তথ্য দেওয়ার জন্য সাংবাদিকগণ ও স্বেচ্ছাসেবকগণকে অনুরোধ জানানো হয়েছে। | লাইকি, টিকটক এবং কিশোর-গ্যাং নামে বিভিন্ন অপরাধ চক্র কর্তৃক নারী পাচার, চাঁদা আদায় এবং মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড বন্ধে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, মদন থানা। চেয়ারমান, ইউনিয়ন পরিষদ সকল সভাপতি/ সম্পাদক প্রেসক্লাব, মদন। |
| ৮ | শ্যুটিং, লাইকি, টিকটক তৈরি করার পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহন করতে হবে। সিনেমা টু গ্রাফ এ্যাক্ট অনুযায়ী জবাদিহির আওতায় আনতে হবে। | শ্যুটিং, লাইকি, টিকটক তৈরি করার পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহনের জন্য সকলকে অবহিত করা হয়েছে। অন্যথায় সিনেমা টু গ্রাফ এ্যাক্ট অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | শ্যুটিং, লাইকি, টিকটক তৈরি করার পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ৯ | বিবিধ | সভায় জানানো হয় স্কুল কলেজের শিক্ষার্থীরা মেবাইল ফোন নিয়ে রাস্তাঘাটে বিভিন্ন ধরনের গেইম ও অযথা ফেইসবুক ব্যবহার করে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | স্কুল কলেজের শিক্ষার্থীরা মেবাইল ফোন নিয়ে রাস্তাঘাটে বিভিন্ন ধরনের গেইম ও অযথা ফেইসবুক ব্যবহার বন্ধ করতে হবে। | অফিসার ইন-চার্জ মদন থান। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান |

সভপতি জানান মাদক, জুয়া ও ইভটিজিং, এবং ভোক্তাধিকার আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুন্দর ও স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং গৃহীত সিদ্ধান্তের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৮/২১

( বুলবুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
মদন, নেত্রকোণা।

Scanned with CamScanner

তারিখ: ২৬.০৮. ২০২১ খ্রি.

স্মারক নং- ০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০১.১৯. 956

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৬০- নেত্রকোণা-৪ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
৩. পুলিশ সুপার, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোনা।
৬. অনুলিপি কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
৭. অফিসার ইন-চার্জ, মদন থানা।
৮. উপজেলা ....................... কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
৯. মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা।
১০. অধ্যক্ষ, সরকারি হাজী আব্দুল আজিজ খান ডিগ্রি কলেজ, মদন, নেত্রকোণা।
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মদন উপজেলা শাখা।
১২. কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, মদন, উপজেলা শাখা।
১৩. সভাপতি প্রেস ক্লাব, মদন, নেত্রকোণা।
১৪. চেয়ারম্যান....................... ইউপি (সকল), মদন, নেত্রকোণা।
১৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার................................ কলেজ/উচ্চ বিদ্যা:/মাদরাসা, মদন, নেত্রকোণা।
১৬. জনাব ............................................ সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
১৭. সংশ্লিষ্ট নথি।

26/08/2021

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
মদন, নেত্রকোণা।

Scanned with CamScanner